



চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
হাজিগঞ্জ, চাঁদপুর।
যোগাযোগঃ ০৮৪২৪-৭৫২৫৫(অফিস)

নম্বর ২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০২২.১৯.৪৩৬

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০.০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত কর্মচারীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ লাইন টেকনিশিয়ান।

প্রার্থীর যোগ্যতাঃ

১	লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে মোট চাকুরীকাল ১০ বৎসরের কম হওয়া যাবেনা।
২	বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
৩	পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে।
৪	বৈদ্যুতিক লাইন, স্ট্রেকিংশীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত ধারণা থাকতে হবে।
৫	প্রার্থীকে অবশ্যই পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।
৬	অধীনস্থ লাইনক্রুগনকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।
৭	প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং অবশ্যই ৩.৫০ প্রাপ্ত হতে হবে।
৯	পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ হতে হবে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র সহ আগামী ২৮/১১/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় চাঁদপুর পবিস-১ এর সদর দপ্তর, হাজিগঞ্জ, চাঁদপুর স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
- ০৩। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রংজ্ঞান সত্যায়িত ছবি।
- ০৪। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।
- ০৬। চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত অনুলিপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণ কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত অনুলিপি।
- ০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।
- ০৮। আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ০৯। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার প্রার্থী অর্থাৎ চাঁদপুর জেলার হাজিগঞ্জ, শাহরাস্তি ও কচুয়া উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ১০। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ১১। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/ পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি সংরক্ষণ/ প্রদান করা হবে।
- ১২। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং তদন্ত পূর্বক তা প্রমানিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে। প্রয়োজনে প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৪। বর্ণিত শর্তাবলী ব্যতীত অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১-১১-২০২০

মোঃ কেফায়েত উল্লাহ
সিনিয়র জেনারেল ম্যানেজার
ফোন: ০১৭৬৯৪০০১৬
ইমেইল: chandpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) সকল পবিস
- ৫) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৬) ডিজিএম, শাহরাস্তি জোনাল অফিস
- ৭) ডিজিএম, কচুয়া জোনাল অফিস
- ৮) এজিএম(ওএসএম), সাচার সাব জোনাল অফিস
- ৯) এজিএম (ইএসসি), ইএসসি বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১০) এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১১) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১২) নোটিশ বোর্ড, চাঁদপুর পবিস-১
- ১৩) অফিস নথি/, মাস্টার নথি।